

বিজ্ঞপ্তি

নং-৮০.১১১.০০.০০.০৯.২০১২/২০

তারিখ : ১৪ জানুয়ারি, ২০১৫

বিষয় : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” এর ০১(এক) টি স্থায়ী পদে নিয়োগের
লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।


বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের “ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার” এর ০১(এক) টি স্থায়ী পদে নিয়োগের জন্য ২১/০৭/২০১৪ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন। উল্লেখ্য, সাময়িকভাবে প্রকাশিত ফলাফল কোনো কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২। মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের রেজিঃ নম্বর : ০০০০৭, ০০০০৯ = ০২ জন।

৩। কোনো ক্ষেত্রে চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পর উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৬/০১/২০১৫ তারিখ, সোমবার সকাল ১০ঃ৩০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-তে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষার পূর্বে সকাল ১০ঃ০০ ঘটিকায় প্রার্থীদের Operator Standard Aptitude Test গ্রহণ করা হবে। কেবলমাত্র Operator Standard Aptitude Test- এ উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রার্থীদের মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। কোনো প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেলে মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখের ২/১দিন পূর্বে অফিস চলাকালীন সময়ে এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক ইউনিট-১১ বরাবর আবেদন করে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ করতে পারবেন। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং অন্যান্য সনদের মূল কপি এবং বিভাগীয়/চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিলসহ স্বাক্ষরিত মূল ছাড়পত্র অবশ্যই সংগে আনতে হবে। লিখিত পরীক্ষার প্রবেশপত্র ও মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র, আবেদনপত্র ক্রয় রশিদের মূল কপি সাক্ষাৎকার বোর্ডে প্রদর্শন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

(পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে)


(আ. ই. ম নেছার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)